

সবার মাঝারে তোমারে স্বীকার করিব হে ।
 সবার মাঝারে তোমারে হৃদয়ে বরিব হে ॥
 শুধু আপনার মনে নয়, আপন ঘরের কোণে নয়,
 শুধু আপনার রচনার মাঝে নহে— তোমার মহিমা যেথা উজ্জ্বল রহে
 সেই সব-মাঝে তোমারে স্বীকার করিব হে ।
 দুলোকে ভুলোকে তোমারে হৃদয়ে বরিব হে ॥
 সকলই তেয়াগি তোমারে স্বীকার করিব হে ।
 সকলই গ্রহণ করিয়া তোমারে বরিব হে ।
 কেবলই তোমার স্তবে নয়, শুধু সঙ্গীতরবে নয়,
 শুধু নির্জনে ধ্যানের আসনে নহে— তব সংসার যেথা জাগ্রত রহে,
 কর্মে সেথায় তোমারে স্বীকার করিব হে ।
 প্রিয়ে অপ্রিয়ে তোমারে হৃদয়ে বরিব হে ॥
 জানি না বলিয়া তোমারে স্বীকার করিব হে ।
 জানি ব'লে, নাথ, তোমারে হৃদয়ে বরিব হে ।
 শুধু জীবনের সুখে নয়, শুধু প্রফুল্লমুখে নয়,
 শুধু সুদিনের সহজ সুযোগে নহে— দুখশোক যেথা আঁধার করিয়া রহে
 নত হয়ে সেথা তোমারে স্বীকার করিব হে ।
 নয়নের জলে তোমারে হৃদয়ে বরিব হে ॥

Parjaay: Puja, Taal: Ektaal, Raag: Mishra Iman
 Visit www.geetabitan.com for notation and other detail